

এবারও যুক্তরাষ্ট্রের ডিভি লটারির থেকে বঞ্চিত বাংলাদেশ

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের ডাইভারসিটি ভিসা (ডিভি) লটারিতে গত কয়েক বছরের মতো এবারও এই বঞ্চিত থাকতে হচ্ছে বাংলাদেশকে।

গত ১৯ অক্টোবর ২৬-এর পৃষ্ঠায় দেখুন

বন্ধুর উপহারের টাকায় সেনাবাহিনীর বেতন দিয়েছি —দাবি ট্রাম্পের

বাংলা পত্রিকা ডেস্ক: শাটডাউনের সময় এক 'বন্ধু'র দেওয়া টাকায় সেনাবাহিনীর বেতন দিয়েছেন বলে দাবি করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তহবিলের ঘাটতি মেটাতে প্রতিরক্ষা দপ্তর পেন্টাগনকে ওই বন্ধু ১৩০ মিলিয়ন ডলার দিয়েছেন বলে জানান তিনি।

ওই ব্যক্তির পরিচয় প্রকাশ করেননি ট্রাম্প। তিনি বলেন, তাঁর ওই বন্ধু প্রচার বা পরিচয় প্রকাশ হোক চান না। সেনাবাহিনীর প্রতি ভালোবাসা থেকে তিনি এই অনুদান দিয়েছেন।

ট্রাম্প বলেন, ২৮-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর


The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ॥ Issue 05 / October 27, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ০৫ ॥ সোমবার, অক্টোবর ২৭, ২০২৫, কার্তিক ১১, ১৪৩২ ॥ রবিউল আউয়াল ০৫, ১৪৪৭

নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচন

আগাম ভোটে ব্যাপক সাড়া: জরীপে এগিয়ে মামদানী



- বিজয়ী হলে মামদানীই হবেন প্রথম মুসলিম মেয়র
- হাকিম জেফ্রিসের সমর্থনে আরো আত্মবিশ্বাসী মামদানীর প্রচার শিবির
- শনিবার ও রবিবার আগাম ভোট দিয়েছেন মোট ১,৬৪,১৯০ জন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচনের ভোটযুদ্ধ এখন চূড়ান্ত পর্যায়ে। ভোটের দিন ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে হাজার হাজার নিউইয়র্কার আগাম ভোটে অংশ নিচ্ছেন।

নিউইয়র্কবাসীরা দুই দিনে ভোট কেন্দ্রে ভিড় করেছেন। সিটির তথ্য অনুযায়ী, এই সংখ্যা চার বছর আগে থেকে পাঁচগুণ বেশি।

এদিকে শেষ মুহূর্তে নির্বাচনের সর্বশেষ জরিপে ৪৭ শতাংশ সমর্থন নিয়ে এগিয়ে আছেন তরুণ ডেমোক্রেটিক পার্টির প্রার্থী জোহরান মামদানি। নির্বাচনে মূল প্রতিদ্বন্দ্বী অ্যান্ড্রু কুওমো'র সাথে প্রতিদ্বন্দ্বিতার পাশাপাশি ডোনাল্ড ট্রাম্প প্রশাসন এবং সিটির কর্পোরেটদের সাথে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে বিজয় ছিনিয়ে আনতে অনেকটাই অপ্রতিরোধ্য ও আত্মবিশ্বাসী মামদানী এমনটি মতামত বিশ্লেষকদের।

বিজয়ী হলে মামদানীই হবেন নিউইয়র্কের ইতিহাসে প্রথম কোন মুসলিম মেয়র।

এবারের নির্বাচনে অন্যান্য কমিউনিটির সাথে বাংলাদেশি কমিউনিটির ভোট ব্যাপক প্রভাব ফেলেছে। আর এজন্য বিশেষ ২৮-এর পৃষ্ঠায় দেখুন

জামায়াত ক্ষমতায় গেলে কর্মক্ষেত্রে নারীদের কর্মঘণ্টা ৫ ঘণ্টা করা হবে

নিউইয়র্কে ডা: শফিকুর রহমান



শাহ্ এ সুমন, নিউইয়র্ক: জামায়াত ক্ষমতায় গেলে কর্মক্ষেত্রে নারীদের কাজের সময় আট ঘণ্টার বদলে ৫ ঘণ্টা করা হবে। এটি নারীদের সম্মান দিতে এ বিষয়টি নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন বাংলাদেশ জামায়াত ইসলামী'র আমীর ডা: শফিকুর রহমান।

রবিবার সন্ধ্যায় নিউইয়র্কের এস্টোরিয়াস্থ এস্টোরিয় ম্যানর হলে কোয়ালিশন অফ আমেরিকান এসোসিয়েশন (কোবা) আয়োজিত এ সংবর্ধনায় ১৮-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে ৩০ লাখ স্ন্যাপ সুবিধাভোগী বিপাকে পড়ার আশঙ্কা!

বাদ পড়তে পারেন প্রায় আড়াই লাখ



বাংলা পত্রিকা রিপোর্ট: চলমান গভর্মেন্ট শাটডাউনের কারণে ফেডারেল তহবিল বন্ধের ঘোষণায় সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম -স্ন্যাপ এর আওতায় খাদ্য সহায়তা সুবিধাপ্রাপ্ত নিউইয়র্কের লাখো পরিবার বিপাকে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। এছাড়াও স্ন্যাপ কার্যক্রমের নতুন নিয়ম কার্যকর হলে প্রায় ২ লাখ ৪০ হাজার মানুষ এ সুবিধা থেকে বাদ পড়তে পারেন। এদিকে নিউইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হোকুল এ প্রোগ্রাম চালু রাখতে ১১ মিলিয়ন ডলার বিশেষ তহবিল বরাদ্দ করলেও সেটি চাহিদার তুলনায় খুবই ২৬-এর পৃষ্ঠায় দেখুন

২৫ স্টেটে ফুড স্ট্যাম্প স্থগিত: নিউইয়র্কেও বন্ধের আশঙ্কা

- পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্ন্যাপ কার্যক্রম স্থগিত থাকবে
- প্রতি আটজনের একজন আমেরিকান এই কর্মসূচিতে এই খাদ্য সহায়তা পান
- এটি সচল রাখতে ৮ বিলিয়ন ডলার বরাদ্দের ব্যবস্থা করতে হবে

বাংলা পত্রিকা রিপোর্ট: চলমান গভর্মেন্ট শাটডাউনের কারণে নভেম্বর থেকে যুক্তরাষ্ট্রের অন্তত ২৫টি স্টেটে ফুড স্ট্যাম্প বা খাদ্য সহায়তা কর্মসূচি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত বা বন্ধ হতে যাচ্ছে। স্টেট কর্তৃপক্ষ ইতিমধ্যে সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম -স্ন্যাপ এর আওতায় এ সুবিধগ্রহণকারীদের নোটিশ পাঠিয়ে বিষয়টি জানিয়ে দিয়েছে।

এদিকে নিউইয়র্কে স্ন্যাপের আওতায় ফুড স্ট্যাম্প বন্ধের আশঙ্কা রয়েছে নভেম্বর থেকে। এতে ৩০ লাখ ফুড স্ট্যাম্প গ্রহণকারী বিপাকে পড়তে পারেন।

পলিটিকোর প্রতিবেদন অনুযায়ী, ক্যালিফোর্নিয়া, আরকানসাস, হাওয়াই, ইন্ডিয়ানা, মিসিসিপি ও নিউ জার্সিসহ ২৫ স্টেটে নভেম্বরে স্ন্যাপ সুবিধা স্থগিত রাখার ঘোষণা দিয়েছে।

পুরো যুক্তরাষ্ট্রে ৪ কোটি ২০ লাখ মানুষ স্ন্যাপ সুবিধায় খাদ্য সহায়তা পেয়ে থাকেন।

গভর্মেন্ট শাটডাউন যদি আরও দীর্ঘায়িত হয়, তবে ট্রাম্প প্রশাসনকে এই কর্মসূচি সচল রাখতে অন্তত ৮ বিলিয়ন ডলার নতুন অর্থের ব্যবস্থা করতে হবে।

খাদ্য সহায়তা বন্ধের এই আশঙ্কা শুধু অর্থনৈতিক নয়, মানবিক সঙ্কটের দিক থেকেও ভয়াবহ হয়ে উঠছে। বিশেষ করে এমন সময়ে, যখন লাখো পরিবার থ্যাংক্সগিভিংয়ের টেবিলে ন্যূনতম খাদ্যের নিশ্চয়তাও পাচ্ছে না।

ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ি ইউএস ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার শুক্রবার জানিয়েছে, গভর্মেন্ট শাটডাউনের কারণে ফেডারেল তহবিল ৫-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

আগামী সংসদে উচ্চকক্ষের সুপারিশ থাকতে পারে

- সুপারিশ প্রায় চূড়ান্ত করেছে কমিশন।
- আদেশে ভিন্নমতের উল্লেখ থাকবে না।
- চূড়ান্ত সুপারিশ আজ প্রধান উপদেষ্টার কাছে যেতে পারে।

বাংলা পত্রিকা রিপোর্ট: রাজনৈতিক দল ও বিশেষজ্ঞদের সঙ্গে কয়েক দফা বৈঠকের পর জুলাই সনদ বাস্তবায়নের উপায় নিয়ে সুপারিশ প্রায় চূড়ান্ত করেছে জাতীয় ঐকমত্য কমিশন। গণভোটের পর সংবিধান সংস্কার পরিষদে বাস্তবায়ন আদেশ পাস হয়ে গেলে আগামী সংসদেই সংখ্যানুপাতিক প্রতিনিধিত্বের ৭-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি



কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন



- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

জোটের ভোটেও দলীয় প্রতীক: বিএনপির আপত্তি, এনসিপির উদ্বেগ

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধন অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ। তবে সংশোধিত আরপিওর একটি গুরুত্বপূর্ণ ধারা নিয়ে আপত্তি তুলেছে বিএনপি। নতুন সংশোধনীতে বলা হয়েছে, কোনো দল জোটবদ্ধ হয়ে নির্বাচনে অংশ নিলেও প্রার্থীদের নিজ নিজ দলের প্রতীকেই ভোট করতে হবে। আগে জোটের যেকোনো দলের প্রতীক বেছে নেওয়ার সুযোগ ছিল। বিএনপির দাবি, এই পরিবর্তন 'একতরফাভাবে' করা হয়েছে, যা পুনর্বিবেচনা করা জরুরি।

এদিকে সংশোধিত আরপিও নিয়ে বিএনপির আপত্তিতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মধ্যে উদ্বেগ দেখা গেছে।

গত বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসে সভাপতিত্বে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের সভায় 'গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধন, ২০২৫'-এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। জোটের ভোটে দলীয় প্রতীক ছাড়াও আরপিওতে একাধিক গুরুত্বপূর্ণ সংশোধনী আনা হয়। ইভিএম ব্যবহার বাতিল, 'না ভোট' পুনর্বহাল, প্রার্থীদের দেশি-বিদেশি আয় ও সম্পত্তির বিবরণ প্রকাশের বাধ্যবাধকতা এবং পলাতক আসামিদের নির্বাচনে অংশগ্রহণ নিষিদ্ধ করা এর মধ্যে উল্লেখযোগ্য। তবে জোটের ভোটে দলীয় প্রতীক বাধ্যতামূলক করা ছাড়া বাকি সংশোধনীতে বিএনপি একমত।

জোটেও দলীয় প্রতীক নিয়ে বিএনপির আপত্তি কেন

গত শুক্রবার বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, 'আমরা শুনেছি, উপদেষ্টা পরিষদ গণপ্রতিনিধিত্ব আদেশ সংশোধনের খসড়ার অনুমোদন দিয়েছে। আইন উপদেষ্টা এ বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেছেন। পত্রিকায় প্রকাশিত রিপোর্ট অনুযায়ী আমরা জানতে পেরেছি, সংশোধিত আরপিওতে এমন কিছু বিধান আছে, যেগুলোর বিষয়ে আমরা আগে থেকেই একমত ছিলাম। কিন্তু প্রতীকের বিষয়ে যেটি পরিবর্তন আনা হয়েছে, সে বিষয়ে আমাদের কোনো সম্মতি ছিল না।' তিনি বলেন, 'আগে আরপিওর ২০ ধারায় বলা ছিল– জোটভুক্ত দলগুলো চাইলে নিজেদের প্রতীকে বা জোটের মধ্যে সম্মত কোনো এক প্রতীকে নির্বাচন করতে পারবে। তফসিল ঘোষণার পর নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন কমিশনকে জানাতে হতো। এতে ছোট দলগুলো জোটে থেকে কিছু আসন জয়ের সুযোগ পেত। এটা একটি ইতিবাচক ব্যবস্থা ছিল।'

সালাহউদ্দিন আহমদ বলেন, বিষয়টি নিয়ে অনানুষ্ঠানিক বৈঠকে বিস্তারিত আলোচনার পর বিএনপির সঙ্গে একমত হয়েছিলেন আইন উপদেষ্টা। তাই বিএনপি ধরে নিয়েছিল, ধারাটিতে কোনো পরিবর্তন আনা হবে না। কিন্তু এখন দেখা যাচ্ছে, সংশোধিত আরপিওতে দলীয় প্রতীক বাধ্যতামূলক করা হয়েছে। এতে ছোট দলগুলো জোটবদ্ধ নির্বাচনে অংশ নিতে নিরুৎসাহিত হবে।

বিএনপির আপত্তির কারণ ব্যাখ্যা করে স্থায়ী কমিটির এই সদস্য বলেন, 'এখন যেভাবে সংশোধনীর খসড়া পাস হয়েছে, কয়দিন পর অধ্যাদেশ আকারে পাস হবে। সেটা হলে অনেক ছোট দলগুলোর যারা জোটভুক্ত হয়ে নির্বাচন করতে চাইবেন 'ছোট দল' বলে কাউকে অসম্মান করছিন না, রাজনীতির মাঠে আকারে ছোট-বড় অনেক দল থাকে, যাদের জনসমর্থনের ভিত্তিতে এটা বলা হয় তো তারা জোটবদ্ধ হতে উৎসাহিত হবেন না।'

এবিষয়ে সালাহউদ্দিন আহমদ আরো বলেন, 'আমাদের দেশে বহুদলীয় গণতন্ত্রের রাজনীতির ইতিহাসে দেখা গিয়েছে, ছোটখাট দলের গুরুত্বপূর্ণ নেতৃবৃন্দ পার্লামেন্টে এলে জাতীয় সংসদটা সমৃদ্ধ হয়। এভাবে যুক্ত ইলেকশন করার মধ্য দিয়ে তাদের নির্বাচিত হওয়ার একটা সুযোগ হচ্ছে। সেটা থেকে তাঁদেরকে বঞ্চিত করা উচিত হবে বলে আমরা মনে করি না।

কামারুজ্জামান-মীর কাসেম-সাকা চৌধুরীর মৃত্যুদণ্ড হয় মিথ্যা মামলায়

--দাবি মির্জা ফখরুলের



বাংলা পত্রিকা ডেস্ক: একাত্তরের মানবতাবিরোধী অপরাধের 'মিথ্যা' মামলায় জামায়াতে ইসলামীর নেতা মুহাম্মদ কামারুজ্জামান ও মীর কাসেম আলী এবং বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাউদ্দিন কাদের (সাকা) চৌধুরীকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে বলে দাবি করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আওয়ামী লীগ আমলে নিপীড়নের চিত্র তুলে ধরতে গিয়ে শনিবার শিল্পকলা একাডেমিতে এক অনুষ্ঠানে বক্তব্যে এই দাবি করেন তিনি। দৈনিক নয়া দিগন্তের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠানটি আয়োজন করা হয়। এই সংবাদপত্র প্রতিষ্ঠার উদ্যোক্তা ছিলেন জামায়াতের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সদস্য মীর কাসেম আলী।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল বাংলাদেশ স্বাধীন হওয়ার পর আওয়ামী লীগ আমলে নিপীড়নের তথ্য তুলে ধরেন, ১৯৭৫ সালে গণমাধ্যমের ওপর দমন-পীড়নের কথা বলেন তিনি।

শেখ হাসিনার শাসনকাল নিয়ে তিনি বলেন, 'বিএনপির ২০ হাজারের ওপর মানুষকে হত্যা করা হয়েছে। বিএনপির সাবেক নেতা ইলিয়াস আলীসহ প্রায় ১ হাজার ৭০০ নেতা-কর্মীকে গুম করে দেওয়া হয়েছে। আলেম-ওলামা, জামায়াতে ইসলামীর নেতারা, মাওলানা কামারুজ্জামান, মীর কাসেম আলী– এই পত্রিকার (দৈনিক নয়া দিগন্ত) প্রকাশক ছিলেন, সালাউদ্দিন কাদেরসহ তাঁদের মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে মিথ্যা মামলায়।'

২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতায় যাওয়ার পর একাত্তরের মানবতাবিরোধী অপরাধের বিচার শুরু করে। সেই বিচারে জামায়াতের শীর্ষ নেতাদের পাশাপাশি সহকারী সেক্রেটারি জেনারেল কামারুজ্জামান, কেন্দ্রীয় নেতা মীর কাসেম আলী, বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাউদ্দিন কাদের চৌধুরীর মৃত্যুদণ্ড হয়। ফাঁসিতে ঝুলিয়ে তাঁদের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়।



হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

সংবিধানের নাম ‘বাংলাদেশ সংবিধান, ২০২৬’ করার দাবি এনসিপির

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে সাক্ষাৎ করে জুলাই সনদের বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে নিজেদের বক্তব্য ও দাবিগুলো নতুন করে জানিয়ে এসেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। আইনি ভিত্তি নিশ্চিত না হওয়ায় সনদে স্বাক্ষর না করার কথা কমিশনকে জানিয়েছে দলটি।

এনসিপি কমিশনের কাছে নতুন একটি দাবিও জানিয়েছে। সেটি হলো আগামী নির্বাচনের পর সংবিধান সংস্কার পরিষদে সংস্কারগুলো অনুমোদিত হওয়ার পর সংবিধানের নাম হবে ‘বাংলাদেশ সংবিধান, ২০২৬’ এবং বিভিন্ন সাংবিধানিক পদে থাকা ব্যক্তিদের এর অধীনে নতুন করে শপথ নিতে হবে।

শনিবার সকাল সোয়া ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত জাতীয় সংসদের এলডি হলে এনসিপির পাঁচ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে ঐকমত্য কমিশনের বৈঠক হয়। এনসিপির প্রতিনিধিদলে ছিলেন দলের সদস্যসচিব আখতার হোসেন, যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, জাবেদ রাসিন ও খালেদ সাইফুল্লাহ এবং যুগ্ম সদস্যসচিব জহিরুল ইসলাম মুসা। কমিশনের পক্ষে ছিলেন সহসভাপতি আলী রীয়াজ, সদস্য বদিউল আলম মজুমদার, ইফতেখারুজ্জামান, মো. এমদাদুল হক এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। এনসিপির আগ্রহে বৈঠকটি হয়েছে।

বৈঠক সূত্রে জানা গেছে, এনসিপির প্রতিনিধিরা ঐকমত্য কমিশনের কাছে জুলাই সনদ বাস্তবায়ন আদেশের কনটেন্ট (আধেয়) দেখতে চান। কমিশনের পক্ষ থেকে বলা হয়, এটা এখনো চূড়ান্ত হয়নি, কাজ চলছে। তখন এনসিপির দিক থেকে বলা হয়, কমিশন যখন সরকারকে সুপারিশ দেবে, তখন যেন এর একটি কপি এনসিপিকেও দেওয়া হয়। তবে এ বিষয়ে কমিশন তাদের কোনো প্রতিশ্রুতি দেয়নি।

এনসিপির বক্তব্যের জবাবে ঐকমত্য কমিশন বলেছে, সব কিছু মাথায় রেখেই তারা খসড়া তৈরি করছে। কিন্তু খসড়ায় কী কী বিষয় থাকবে, সেটা তারা আগেই প্রকাশ করতে চায় না। বিশেষজ্ঞদের সঙ্গে তাদের প্রতিনিয়ত বৈঠক হচ্ছে। যত দ্রুত সম্ভব, বাস্তবায়ন আদেশের খসড়া প্রস্তুত হবে বলেও জানায় কমিশন।

বৈঠকে অংশ নেওয়া এনসিপি নেতা খালেদ সাইফুল্লাহ বলেন, তাঁরা আগামী সংসদের দ্বৈত ভূমিকার বিষয়টি নিয়ে ঐকমত্য কমিশনকে বলেছেন। এর আগে তাঁরা যে প্রস্তাব দিয়েছেন, সেগুলোই কমিশনের কাছে আবার ব্যাখ্যা করেছেন।

সবাই সংঘাতের জন্য মুখিয়ে আছে, অল্প কয়েক মাসের মধ্যে দেখতে পাবেন: তথ্য উপদেষ্টা

বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচনের আগে রাজনৈতিক দলগুলো সংঘাতের জন্য মুখিয়ে রয়েছে বলে মন্তব্য করেছেন তথ্য উপদেষ্টা মাহফুজ আলম। প্রধান উপদেষ্টার অবস্থানের কারণে এখন পর্যন্ত তারা সংঘাতে জড়াচ্ছে না বলেও মনে করেন তিনি।

মাহফুজ আলম বলেছেন, ‘সবাই সংঘাতের জন্য মুখিয়ে আছে এবং আপনারা অবশ্যই এটা অল্প কয়েক মাসের মধ্যে দেখতে পাবেন এবং আমি আশঙ্কা করছি, যদি এটার সঙ্গে ধর্মীয় যে দৃষ্টিকোণ, এটা যদি যুক্ত হয়, তাহলে বাংলাদেশের পরিস্থিতি আরও খারাপ হবে।’

নিবার সকালে রাজধানীর সেগুনবাগিচায় বিএমএ ভবনে ‘মাজার সংস্কৃতি: সহিংসতা, সংকট ও ভবিষ্যৎ ভাবনা’ শীর্ষক জাতীয় সংলাপে এ কথা বলেন মাহফুজ আলম। সংলাপের আয়োজন করে সুফি সম্প্রদায় নিয়ে গবেষণা করা প্ল্যাটফর্ম ‘মাকাম’। সংলাপে প্রধান অতিথি ছিলেন তথ্য উপদেষ্টা মাহফুজ আলম।

মাহফুজ বলেন, আওয়ামী লীগ ‘দরবারগুলোর’ সঙ্গে সংযোগ তৈরি করার চেষ্টা করছে বলে তিনি শুনতে পেয়েছেন। দরবারগুলোকে এটা বোঝানোর জন্য যে অধ্যাপক ইউনূসের সরকার এসে মাজার ভেঙে দিচ্ছে, মসজিদ থেকে বের করে দিচ্ছে। তিনি বলেন, এই কোশ্চেনটা (প্রশ্ন) অন্তর্বর্তীকালীন সরকারের ইস্যু নয়। এটা ৫০ বছর ধরে চলছে। যখন সরকার পরিবর্তন



হয়, মসজিদ কমিটি বদল হয়ে যায়। ইসলামী ফাউন্ডেশনের গভর্নিং কমিটি বদল হয়ে যায়।

তথ্য উপদেষ্টা আরও বলেন, রাষ্ট্রীয় ফ্যাসিবাদ চলে গেলেও সামাজিক জায়গায় ফ্যাসিবাদ রয়ে গেছে। দেশে ইসলামের যতগুলো ধারা আছে, সব কটি ধারার মধ্যে সংলাপ এবং সংযোগের সুযোগ তৈরি না হলে রাষ্ট্র খুবই শঙ্কার মধ্য দিয়ে এগোবে। তিনি বলেন, দেশে ৯০ থেকে ৯২ শতাংশ মুসলমানের মধ্যে বিভিন্ন তরিকা আছে। তাদের মধ্যে কীভাবে সমন্বয় করা যায়, আজ পর্যন্ত রাজনৈতিক নেতারা এটা নিয়ে ভাবেননি; বরং কেউ কওমিদের সঙ্গে, কেউ সুন্নিদের সঙ্গে এভাবে ভাগ করে নিয়েছেন। ধর্মীয় প্রতিষ্ঠানগুলোকে রাজনীতির হাতিয়ার করে নিয়েছেন।

মাহফুজ আলম বলেন, গত ১৫ বছরে একটি রাজনৈতিক দলের সঙ্গে আদর্শিক বিরোধিতার জায়গা থেকে সুফি ঘরানাদের সঙ্গে আওয়ামী লীগের একটি সংযোগ ঘটেছিল। আওয়ামী লীগ তাদের সুরক্ষা দেবে এবং তারা আওয়ামী লীগকে ভোট দেবে। এই পরিমণ্ডলেই ধর্মীয় রাজনীতিটা আটকে গেছে। কওমিরাও এর বাইরে নয় বলেও মনে করেন তিনি। তারাও বিভিন্ন রাজনৈতিক দলের মাধ্যমে ব্যবহৃত হয়েছে।

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

নিউইয়র্কে কমিউনিটির বিকাশে সঠিক নেতৃত্ব ও ভোটাধিকার

নিউইয়র্ক শহর আজ বিশ্বের অন্যতম বৈচিত্র্যময় নগরী, যেখানে প্রায় প্রতিটি জাতিগোষ্ঠীর মানুষ পরিশ্রম ও দক্ষতায় নিজেদের অবস্থান গড়ে তুলেছে। এই বহুত্বের ভেতরে বাংলাদেশি কমিউনিটি এখন এক শক্তিশালী ও সম্মানজনক অংশ। ট্যাক্সিচালক থেকে শুরু করে ছোট ব্যবসায়ী, শিক্ষক থেকে শুরু করে আইটি বিশেষজ্ঞ বাংলাদেশিরা প্রতিদিন এই শহরের অর্থনীতি, সংস্কৃতি ও সামাজিক জীবনে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। তাই আসন্ন ৪ নভেম্বর ২০২৫ সালের নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচন আমাদের জন্য কেবল একটি রাজনৈতিক প্রক্রিয়া নয়; এটি আমাদের ভবিষ্যৎ, আমাদের কণ্ঠস্বর ও আমাদের পরিচয়ের প্রশ্ন।

ভোট দেওয়া শুধুই একটি অধিকার নয়, এটি নাগরিক দায়িত্বও বটে। যারা নাগরিকত্ব অর্জন করেছেন বা ভোট দেওয়ার যোগ্য, তাদের সকলের এখনই উচিত নিজেদের গণতান্ত্রিক শক্তিকে একত্রিত করা। অতীতে দেখা গেছে, দক্ষিণ এশীয় ও বিশেষত বাংলাদেশি ভোটারদের অংশগ্রহণ তুলনামূলকভাবে কম থাকে। কিন্তু মনে রাখতে হবে, নিউইয়র্কের মতো শহরে প্রতিটি ভোটের মূল্য রয়েছে। ছোট কোনো কমিউনিটির ঐক্যবদ্ধ সিদ্ধান্তও নির্বাচনের ফলাফল নির্ধারণে বড় ভূমিকা রাখতে পারে।

এই নির্বাচনের গুরুত্ব অসীম। নিউইয়র্ক সিটির ভবিষ্যৎ নির্ভর করছে এমন নেতৃত্বের ওপর, যারা বাসস্থান সংকট, জননিরাপত্তা, শিক্ষা, ক্ষুদ্র ব্যবসার উন্নয়ন এবং অভিবাসীদের অধিকার রক্ষায় বাস্তবসম্মত নীতি গ্রহণ করতে পারবেন। কুইন্স, ব্রুকলিন বা ব্রঙ্কসে বসবাসকারী বাংলাদেশি পরিবারগুলো যেসব সমস্যার মুখোমুখি ভাড়া বৃদ্ধি, শিক্ষা খরচ, স্বাস্থ্যসেবা–সেসবের সমাধান অনেকাংশে নির্ভর করবে আগামী মেয়রের সিদ্ধান্তের ওপর।

তাই আমাদের উচিত এমন নেতৃত্ব বেছে নেওয়া, যিনি আমাদের জীবনের বাস্তবতা বুঝবেন এবং তার সমাধানে আন্তরিক হবেন। নেতৃত্ব বাছাইয়ের ক্ষেত্রে দল নয়, প্রার্থীর যোগ্যতা, সততা এবং কমিউনিটির প্রতি তাঁর দায়বদ্ধতাই হওয়া উচিত মূল বিবেচ্য বিষয়। আমাদের দেখতে হবে, প্রার্থী কি সত্যিই অভিবাসী পরিবারের কষ্ট বোঝেন, ক্ষুদ্র ব্যবসায়ীদের পাশে দাঁড়াতে পারেন, এবং বহুজাতিক সমাজের বৈচিত্র্যকে সম্মান করেন কি না।

বাংলাদেশি কমিউনিটির জন্য এখন সবচেয়ে জরুরি হলো ঐক্য ও সচেতনতা। আমরা যদি সংগঠিতভাবে ভোট দিই, তাহলে শুধু রাজনৈতিক প্রভাবই নয়, প্রশাসনিক উপস্থিতিও বাড়বে। সিটি হলে, স্কুল বোর্ডে কিংবা স্থানীয় কাউন্সিলে আরও বাংলাদেশি প্রতিনিধি উঠে আসবে–যারা আমাদের ভাষা, সংস্কৃতি ও প্রয়োজন বোঝে। এজন্য কমিউনিটি সংগঠনগুলোরও দায়িত্ব রয়েছে–ভোটারদের সচেতন করা, নতুন প্রজন্মকে রাজনীতিতে আগ্রহী করে তোলা এবং গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি আস্থা গড়ে তোলা।


নিউইয়র্ক আমাদের দ্বিতীয় নয়, প্রকৃত ঘর। এই শহরকে আরও ন্যায্য, নিরাপদ ও সুযোগময় করে গড়ে তুলতে হলে আমাদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া বিকল্প নেই। আমরা যদি ভোট না দিই, তবে অন্য কেউ আমাদের হয়ে সিদ্ধান্ত নেবে। কিন্তু আমরা যদি একত্রিত হয়ে ভোট দিই, তাহলে আমরাই আমাদের ভবিষ্যৎ নির্ধারণ করব।

এই ৪ নভেম্বর, আসুন আমরা সবাই প্রতিজ্ঞা করি 'আমাদের সিটি, আমাদের ভোট, আমাদের নেতৃত্ব' । একটি সচেতন ভোটই পারে নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির অগ্রযাত্রাকে নতুন দিগন্তে পৌঁছে দিতে।



প্রশ্নবিদ্ধ উপদেষ্টারা ও সরকারের নিরপেক্ষতা

অরুণ কর্মকার



না, সব উপদেষ্টা প্রশ্নবিদ্ধ নন। তবে সংখ্যাটা যে নেহাত কম হবে না, তা অনুমান করা যায় যখন প্রধান তিনটি প্রতিপক্ষ রাজনৈতিক দলই আলাদা আলাদাভাবে উপদেষ্টাদের দলঘনিষ্ঠতার অভিযোগ তোলে। অবশ্য এবারই প্রথম নয়, এর আগেও একই অভিযোগ তোলা হয়েছে, যখন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম কোনো কোনো উপদেষ্টার সেফ এক্সিটের প্রসঙ্গটি তুলেছিলেন। আর এবার তো জানা গেল প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে গত বুধবার অনুষ্ঠিত বৈঠকে জামায়াতে ইসলামী তাদের দৃষ্টিতে দলঘনিষ্ঠ উপদেষ্টাদের নামধামের তালিকাই নিয়ে গিয়েছিল। তবে ওই দিন সেই তালিকা তারা প্রধান উপদেষ্টাকে দেয়নি। প্রয়োজন হলে পরে দেবে। এবার শুধু বিষয়টি সম্পর্কে প্রধান উপদেষ্টার দৃষ্টি আকর্ষণ করেছে এবং কয়েকজন উপদেষ্টা বিএনপির পক্ষে কাজ করছেন বলে অভিযোগ করেছে।

শুধু উপদেষ্টা নয়, জামায়াত সুনির্দিষ্ট নাম-ঠিকানা নিয়ে গিয়েছিল প্রায় ৪০ জন আমলারও, যাঁরা তাদের দৃষ্টিতে কোনো না কোনো দলের হয়ে, বিশেষত বিএনপির হয়ে কাজ করছেন। আর বৈঠক-পরবর্তী সংবাদ ব্রিফিংয়ে জামায়াতের নেতারা উল্লেখ করেছেন যে অন্তর্বর্তী সরকারের প্রশাসন ও পুলিশের ৭০ থেকে ৮০ ভাগ লোকই বিএনপির। বৈঠকে প্রধান উপদেষ্টাকে জামায়াত বলেছে, নির্বাচনের আগে সরকারকে নিরপেক্ষতা বজায় রাখতে হবে। এ জন্য সচিবালয়, পুলিশ প্রশাসন ও নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ে রদবদল আনতে হবে। বিএনপির বিরুদ্ধে জামায়াতের আরও অভিযোগ, বিএনপি রাজনৈতিক চাপে পড়ে গণভোটে রাজি হলেও এখন জটিলতা সৃষ্টির চেষ্টা করছে।

ওই দিনই জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) একটি প্রতিনিধিদলও পৃথকভাবে প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করে। এরপর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, তাঁরা প্রধান উপদেষ্টাকে বলেছেন, নির্বাচনের আগে বড় রাজনৈতিক দলগুলো প্রশাসন ও পুলিশে নিজেদের মতো ভাগ-বাঁটোয়ারা শুরু করেছে। ডিসি-এসপিদের তালিকা করে সরকারকে দিচ্ছে এবং সরকারের উপদেষ্টা পরিষদের মধ্য থেকেও এ ব্যাপারে তারা সহযোগিতা পাচ্ছে।

এনসিপির আরও বড় অভিযোগ নির্বাচন কমিশন সম্পর্কে। প্রধান উপদেষ্টাকে তারা বলেছে, সাংবিধানিক প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন কমিশন নিরপেক্ষ আচরণ করছে না। কোনো কোনো দলের প্রতি পক্ষপাতমূলক আচরণ করছে। শাপলা প্রতীক পাওয়া প্রসঙ্গে নাহিদ ইসলামের স্পষ্ট বক্তব্য হলো, যে নির্বাচন কমিশন নিবন্ধন এবং প্রতীকের বিষয়ে এনসিপির সঙ্গে ন্যায়বিচার করে না, তার অধীনে নির্বাচনে গিয়ে ন্যায়বিচার এবং নিরপেক্ষতা বা সঠিক ফলাফল পাওয়ার ব্যাপারে ভরসা করা যায় না। তাই নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবি জানিয়েছেন তাঁরা। তাঁদের যুক্তি হলো, নির্বাচন কমিশনের কারণে যদি সুষ্ঠু নির্বাচন না হয়, সেই দায়ও সরকারের ওপরই পড়বে।

উপদেষ্টাদের নিয়ে প্রশ্ন আছে বিএনপিরও। জামায়াত ও এনসিপির এক দিন আগে, গত মঙ্গলবার প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠক করেছে বিএনপি। সেই বৈঠকে তারাও কয়েকজন উপদেষ্টাকে নিয়ে আপত্তি তুলেছে। কারও নাম উল্লেখ না করেই বিতর্কিত উপদেষ্টাদের বাদ দেওয়ার জন্য প্রধান উপদেষ্টাকে আহ্বান জানিয়েছে দলটি। এর আগেও বিএনপির পক্ষ থেকে এমন আহ্বান জানানো হয়েছিল। তখন দুই ছাত্র উপদেষ্টাকে পদত্যাগ করতে বলা হয়েছিল বলেও খবর বেরিয়েছে। তবে তাঁরা তখনই তাতে রাজি হননি। উপদেষ্টাদের ছাড়াও প্রশাসন নিয়েও অন্য দুই দলের মতোই উদ্বেগ আছে বিএনপিরও। মঙ্গলবারের বৈঠকে তারা এই বলে প্রধান উপদেষ্টার দৃষ্টি আকর্ষণ করেছে যে প্রশাসন, পুলিশ এবং বিচার বিভাগের প্রায় ৫০ ভাগ ফ্যাসিস্টের দোসর।

তিনটি দলের সঙ্গে বৈঠকেই প্রধান উপদেষ্টা সরকারের নিরপেক্ষ অবস্থান সম্পর্কে নিশ্চিত করেছেন। তিনি বলেছেন, 'আমাদের নিরপেক্ষতা নিয়ে আপনারা নিশ্চিন্ত থাকতে পারেন। একটি অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচন আয়োজনে আমরা ইতিমধ্যে নানা পদক্ষেপ গ্রহণ করেছি; সামনে আরও অনেক উদ্যোগ আপনারা দেখতে পাবেন।'

তা প্রধান উপদেষ্টা যতই নিশ্চয়তা দিন না কেন, যেখানে সব দলের কাছেই উপদেষ্টাদের (সবার নয়) এবং প্রশাসনের পক্ষপাতদুষ্টতা স্পষ্ট, যথেষ্ট তথ্য-প্রমাণ আছে উল্লেখ করে যখন প্রকাশ্যে বারবার অভিযোগ করা হচ্ছে, সেখানে রাজনৈতিক দলগুলো কীভাবে নিশ্চিন্তে নিশ্চিত থাকতে পারে! তা ছাড়া, মাঝেমধ্যেই তো দলগুলোর পরস্পরের প্রতি বৈরী বক্তব্য রাজনৈতিক অঙ্গনে উত্তাপ ছড়াচ্ছে। যেমন কিছুদিন আগে এনসিপির আহ্বায়ক তাঁর ফেসবুক পোস্টে বললেন, সংখ্যানুপাতিক নির্বাচন (পিআর) নিয়ে জামায়াতের আন্দোলন রাজনৈতিক প্রতারণা ছাড়া আর কিছু নয়। কিংবা জামায়াত জুলাই অভ্যুত্থানের আগে-পরে কখনোই সংস্কার আলোচনায় যুক্ত হয়নি। তারা কোনো কার্যকর প্রস্তাব দেয়নি। কোনো সাংবিধানিক দৃষ্টিভঙ্গি উপস্থাপন করেনি এবং গণতান্ত্রিক প্রজাতন্ত্রের প্রতি কোনো অঙ্গীকারও দেখায়নি।

এর পরিপ্রেক্ষিতে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বললেন আরও একটু শক্ত কথা–'জন্মের পরই বাপের সাথে পাল্লা দিতে যেও না।' সরকার ভাবতে পারে যে এগুলো তো রাজনৈতিক দলগুলোর মধ্যেকার বাহাস। এটা নিয়ে তাদের অতটা না ভাবলেও চলবে। কিন্তু বাস্তবতা হলো, এই বাহাসগুলো তো রাজনৈতিক বাস্তবতা। এগুলো তো রাজনৈতিক অঙ্গনকে অস্থিতিশীল করতে পারে, যা শেষ পর্যন্ত নির্বাচনের পরিবেশেও প্রভাব ফেলতে পারে।

তারপর উল্লেখ করা যায় মঙ্গলবারের বৈঠকে বিএনপি যে অন্তর্বর্তী সরকারকে তত্ত্বাবধায়ক সরকারের ভূমিকায় অবতীর্ণ হওয়ার পরামর্শ দিয়েছে, সে সম্পর্কে এনসিপির প্রতিক্রিয়ার কথা। এনসিপি বলল হঠাৎ করে তত্ত্বাবধায়ক সরকারের ভূমিকায় অবতীর্ণ হওয়ার পরামর্শটি দুরভিসন্ধিমূলক। কারণ, অন্তর্বর্তী সরকার গণ-অভ্যুত্থানের সরকার। সংস্কার, বিচার ও নির্বাচন–এই তিনটি তাদের ম্যান্ডেট। অথচ বিএনপির বক্তব্যটি ছিল–নিরপেক্ষতার নিরিখে এখন অন্তর্বর্তী সরকারকে তত্ত্বাবধায়ক সরকারের ভূমিকা নিতে হবে।

এইসব রাজনৈতিক টানাপোড়েন ছাড়াও কতগুলো গুরুত্বপূর্ণ বিষয় এখনো অমীমাংসিত রয়েছে। যেমন জামায়াতের কাছে অমীমাংসিত গুরুত্বপূর্ণ বিষয় জুলাই সনদের আইনি ভিত্তি, সনদ বাস্তবায়নের পদ্ধতি, ওই সনদের ভিত্তিতে নির্বাচন, পিআর পদ্ধতির নির্বাচন এবং জাতীয় নির্বাচনের আগে আগামী নভেম্বরে গণভোট। এই দাবিতে জামায়াতসহ আটটি দল আন্দোলন চালিয়ে যাচ্ছে। এনসিপির কাছে অমীমাংসিত বিষয় জুলাই সনদের আইনি ভিত্তি, সনদ বাস্তবায়নের পদ্ধতি, নির্বাচন কমিশনের পুনর্গঠন এবং তাদের দাবিকৃত নির্বাচনী প্রতীক শাপলা বরাদ্দ দেওয়া। বিএনপির কাছে সবচেয়ে বড় ইস্যু সময়মতো সুষ্ঠু নির্বাচন। এ ছাড়া এই তিনটি দলের কাছেই (হয়তো আরও অনেক দলের কাছে) সাধারণ ইস্যু হচ্ছে সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করার জন্য দলঘনিষ্ঠ উপদেষ্টাদের সরিয়ে দেওয়া। এর মধ্যে বেশ কিছু বিষয় প্রতিটি দল চায় না। এসব বিষয়ে অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষ ভূমিকা নিশ্চিত করা এবং রাজনৈতিক দলগুলোর কাছে সেই ভূমিকা নিরপেক্ষ হিসেবেই প্রতীয়মান হওয়া এক বড় চ্যালেঞ্জই বটে।

প্রবাসীদের নিয়ে ‘গ্লোবাল প্রবাসী কাউন্সিল’ করতে চাই






শেষ পৃষ্ঠায় পর চাই। প্রবাসে যে সব বাংলাদেশী এক্সপার্টিজ রয়েছেন তাদের কাজে লাগাতে চাই।

গত ২০ অক্টোবর সোমবার সন্ধ্যায় নিউইয়র্কের উডসাইডে গুলশান টেরেসে অনুষ্ঠিত এক সংবর্ধনা ও সমাবেশে এ কথ াগুলো জানার্ন বিএনপি চেয়াপর্সনের উপদেষ্টা ও সিলেট-১ আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থী খন্দকার আব্দুল মুক্তাদির। ‘সিলেট বিভাগীয় নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশি’ ব্যানারে অনুষ্ঠিত এ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে খন্দকার মুক্তাদির বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপট তুলে ধরে বলেন, এখন থেকে বাংলাদেশের মাটিতে তত্ত্বাবধায়ক সরকার ছাড়া আর কোনো দিন জাতীয় সংসদ নির্বাচন হবে না। আগামী ফেব্রুয়ারিতেই নির্বাচন হবে এবং বিএনপি জনগণের ম্যান্ডেট পেলে তারেক রহমান হবেন পরবর্তী প্রধানমন্ত্রী।

তিনি বলেন, প্রবাসী বাংলাদেশীদের যদি দেশের উন্নয়নে বা দেশ পরিচালনার সাথে সম্পৃক্ত করা না যায় এক সময় তাদের প্রজন্ম তাদের শিকড় ভুলে যাবে। যা হবে আমাদের জন্য সবচেয়ে বড় ক্ষতির।

বাংলাদেশ সোসাইটি, জালালাবাদ অ্যাসোসিয়েশন ও বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি আজমল হোসেন কুনুর সভাপতিত্বে সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, জালালাবাদ অ্যাসোসিয়েশনের সভাপতি বদরুল হোসেন খান, সাবেক সভাপতি বদরুন নাহান খাঁন মিতা, লিগ অব আমেরিকার অন্যতম প্রতিষ্ঠাতা ও সভাপতি বেদারুল ইসলাম বাবলা, অ্যাডভোকেট নাসির উদ্দিন, তোফায়েল চৌধুরী, দেওয়ান শাহেদ চৌধুরী, আহবাব চৌধুরী খোকন প্রমুখ। অনুষ্ঠানটির অন্যতম আয়োজক কেন্দ্রীয় বিএনপির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লুর অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এবাদ চৌধুরী।





২৫ স্টেটে ফুড স্ট্যাম্প স্থগিত: নিউইয়র্কেও বন্ধের আশঙ্কা

প্রথম পৃষ্ঠার পর বন্ধ থাকায় ১ নভেম্বর থেকে পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত স্ন্যাপ সহায়তা স্থগিত রাখা হবে।

ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারের ওয়েবসাইটে প্রকাশিত নতুন বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চলমান সরকারি স্থবিরতার কারণে সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP) বা ফুড স্ট্যাম্প সুবিধার অর্থ বিতরণ বন্ধ থাকবে। প্রায় প্রতি আটজনের একজন আমেরিকান এই কর্মসূচির মাধ্যমে মাসে নিয়মিতভাবে খাবার কেনার সহায়তা পান।

বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে বলা হয়েছে, “অর্থের ভাণ্ডার শূন্য। এই মুহূর্তে ১ নভেম্বর কোনো বেনিফিট বিতরণ করা সম্ভব নয়। আমরা এমন এক পর্যায়ে পৌঁছেছি, যেখানে সিদ্ধান্ত এখন সিনেটের ডেমোক্র্যাটদের হাতে।”

অক্টোবরের ১ তারিখে শুরু হওয়া এই সরকার বন্ধ এখন দেশটির ইতিহাসে দ্বিতীয় দীর্ঘতম অচলাবস্থা। প্রশাসন আগে ভাগেই অক্টোবর মাসের স্ন্যাপ খাদ্য সহায়তা নিশ্চিত করেছিল, কিন্তু নভেম্বরের অর্থ বন্ধ হয়ে গেলে এই সংকট সরাসরি আরও লাখো পরিবারকে ক্ষতিগ্রস্ত করবে, যদি দ্রুত রাজনৈতিক সমঝোতা না হয়।

হোয়াইট হাউসের দাবি, এর দায় ডেমোক্র্যাটদের, যারা অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট এর মেয়াদোত্তীর্ণ ভর্তুকি বাড়ানোর বিষয়ে আলোচনা না হওয়া পর্যন্ত সরকার পুনরায় চালু করতে রাজি নন। অন্যদিকে রিপাবলিকানরা বলছে, সরকার চালু না করলে কোনো আলোচনাই সম্ভব নয়।

ডেমোক্র্যাট সিনেটররা এগ্রিকালচার মিনিস্টারকে ব্রুক রোলিন্সকে চিঠি লিখে অনুরোধ করেছেন, যেন পরবর্তী মাসের স্ন্যাপ সহায়তা দিতে দপ্তরের প্রায় ৫ বিলিয়ন ডলারের জরুরি তহবিল ব্যবহার করা হয়। কিন্তু শুক্রবার প্রকাশিত ইউএসডি’র এক অভ্যন্তরীণ নথিতে বলা হয়েছে, “এই জরুরি তহবিল আইনি দিক থেকে নিয়মিত সহায়তা প্রদানের জন্য নয়।”

নথিতে বলা হয়েছে, এই অর্থ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর সহায়তায় ব্যবহার করা হয়– যেমন বর্তমানে শক্তিশালী হয়ে ওঠা হারিকেন মেলিসা। দপ্তরের ভাষায়, এমন দুর্যোগের সময় দ্রুত সহায়তা পৌঁছে দিতে অর্থ সংরক্ষণ করা জরুরি।

ফেডারেল খাদ্য সহায়তা বন্ধ হয়ে যাওয়ার সম্ভাবনায় রিপাবলিকান ও ডেমোক্র্যাট উভয় দলের অঙ্গরাজ্য সরকারই গভীর উদ্বেগ প্রকাশ করেছে। কিছু রাজ্য জানিয়েছে, তারা চাইলে নিজেদের উদ্যোগে সুবিধাটি অব্যাহত রাখবে, কিন্তু USDA-র নির্দেশনা অনুযায়ী তেমনটা করা হলে তারা পরে ফেডারেল সরকারের কাছ থেকে কোনো অর্থ ফেরত পাবে না।

আর্কানসাস ও ওকলাহোমার মতো রাজ্যগুলো ইতিমধ্যে স্ন্যাপ সুবিধাভোগীদের সতর্ক করছে যেন তারা স্থানীয় ফুড ব্যাংক বা সহায়তাকারী সংস্থার খোঁজ রাখেন, কারণ সুবিধা হঠাৎ বন্ধ হয়ে যেতে পারে।

কংগ্রেস সদস্য ক্রিস মারফি রিপাবলিকানদের দোষারোপ করে বলেছেন, “তারা যদি বসে আলোচনায় আসত, তাহলে আমরা কয়েক দিনের মধ্যেই সমাধান বের করতে পারতাম। আমরা মঙ্গলবার বা বুধবারই সরকার পুনরায় চালু করতে পারতাম, আর ফুড স্ট্যাম্প কর্মসূচি নিয়ে কোনো সংকটই তৈরি হতো না।

এদিকে ম্যাসাচুসেটসের গভর্নর মওরা হিলি সাংবাদিকদের বলেন, “প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম ব্যক্তি যিনি দেশবাসীর স্ন্যাপ সুবিধা বন্ধ করলেন।”

তিনি আরও বলেন, “রাজ্য সরকার যতই চেষ্টা করুক, ফেডারেল সহায়তার সমপরিমাণ অর্থ জোগানো সম্ভব নয়।”

সরকারি কার্যক্রম বন্ধ থাকার চতুর্থ সপ্তাহে এসে রাজ্যগুলো নিজেদের জরুরি তহবিল থেকে কিছু সহায়তা দেওয়ার চেষ্টা করছে, তবে তা খুব দ্রুত ফুরিয়ে আসছে।

ব্রুক রোলিনস সাক্ষাৎকারে বলেন, “সরকার খোলা না থাকলে আমরা কিছুই করতে পারব না। আমরা আশা করছি ১ নভেম্বরের আগেই সরকার পুনরায় চালু হবে, যাতে আমরা অর্থ ছাড় করতে পারি। কিন্তু এখন স্ন্যাপ কার্যক্রম অর্ধেক রাজ্যে বন্ধ হয়ে গেছে।”

বর্তমানে স্ন্যাপ কর্মসূচির মাধ্যমে ৪২ মিলিয়নেরও বেশি মানুষ মাসে গড়ে ১৮৭ ডলার খাদ্য সহায়তা পান। এই সহায়তা বন্ধ হয়ে গেলে থ্যাংক্সগিভিংয়ের আগেই দেশজুড়ে খাদ্য ব্যাংকগুলোতে চাপ বাড়বে।

বিশ্লেষকরা বলছেন, এমনকি

নিউইয়র্কে আন্তর্জাতিক লালন উৎসব







করেছেন অনেক লালন প্রেমি। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শারমিনা সিরাজ সোনিয়া ও এলভিস।

এবারের লালন উৎসবের আহবায়ক ছিলেন আব্দুল হামিদ। প্রধান উপদেষ্টা ছিলেন রাজনীতিবিদ ও কমিউনিটি এক্টিভিস্ট নুরুল আমিন বাবু। এক প্রতিক্রিয়ায় তিনি জানান, লালনের মত গুণী শিল্পীকে হৃদয়ে ধারন করেন বলেই এমন একটি বড় আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে।

এদিকে, এই উৎসব আয়োজনে সর্বাত্বক সহযোগিতা করেচেন রাজনীতিবিদ, কমিউনিটি এক্টিভিস্ট এনওয়াই সেভেনটি ওয়ানের প্রেসিডেন্ট ও সিইও এমদাদ এইচ ভূইয়া রাজু। তিনি জানান, প্রবাসী নতুন প্রজন্মের মাঝে বাংলা সংস্কৃতিকে ছড়িয়ে দিতে এমন একটি ব্যাতিক্রমী উদ্যোগের পাশে রয়েছেন তিনি।

অনুষ্ঠানে গান পরিবেশন করে দর্শকদের মাতিয়ে রাখেন উত্তর আমেরিকার জনপ্রিয় সংগীত শিল্পী শাহ মাহবুব, আব্দুল করিম, শাহীন ও অন্যরা। এছাড়াও শফি মন্ডল তার জনপ্রিয় গানগুলো পরিবেশন করে দর্শকদের মুগ্ধ করেন। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য একাধিক গুণী ব্যাক্তিত্বকে সম্মাননানা দিয়েছেন আয়োজকরা।

এর আগে লালনকে নিয়ে বিশেষ স্মৃতিচারণ করেন একাদিক গুণী ব্যাক্তিত্ব। এতে, অংশ নেন জনপ্রিয় কণ্ঠ শিল্পী শফি মন্ডল, সাংবাদিক কৌশিক আহমেদ




নিউইয়র্ক ৮৭ অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের প্রার্থী সিপিএ জাকির চৌধুরী







শেষ পৃষ্ঠায় পর আয়োজিত হয় এক ব্যতিক্রমী নির্বাচনী বিতর্ক ও ইলেকট্রনিক ভোটাভুটি।

এ বিতর্ক ও ভোটের মাধ্যমে বাংলাদেশি কমিউনিটির মধ্য থেকে আগামী নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৮৭ এর অ্যাসেম্বলীম্যান হিসেবে একক প্রার্থী নির্বাচিত করা হয়েছে । তিনজন প্রার্থীতা প্রত্যাশীর মধ্যে কমিউনিটির সুপরিচিত সিপিএ জাকির চৌধুরীকে আগামী অ্যাসেম্বলীম্যান হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য নির্বাচিত করা হয়।

ব্রঙ্কস বাংলাদেশি কমিউনিটি-ইউনিফায়েড ক্যানডিডেট কমিটির এর উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে ৮৭তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের সম্ভাব্য তিন বাংলাদেশি বংশোদ্ভূত প্রার্থী–জাকির চৌধুরী, ইমরান এম. শাহ ও জামাল হুসেইন–তাঁদের অভিজ্ঞতা, কমিউনিটির জন্য কাজ এবং ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন।

দুই ঘণ্টাব্যাপী এই প্রাণবন্ত বিতর্কে মডারেটরের দায়িত্ব পালন করেন লেখক, সাংবাদিক ও প্রামাণ্যচিত্র নির্মাতা শামীম আল আমিন, যিনি বাংলাদেশে জাতীয় পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতায় একাধিকবার চ্যাম্পিয়ন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সাবেক সিনিয়র সহ-সভাপতি।

বিতর্ক শেষে ইলেকট্রনিক ভোটের মাধ্যমে মোট ৫৫ জন ভোটার তাঁদের পছন্দের প্রার্থী নির্বাচিত করেন। প্রতিটি প্রার্থী নিজ নিজ পক্ষ থেকে ১০ জন করে ভোটার আমন্ত্রণ জানান, বাকি ২৫ জন ছিলেন আয়োজক কমিটির সদস্য।

ভোট গণনার পর সিপিএ জাকির চৌধুরী বিজয়ী হিসেবে নির্বাচিত হন। উল্লেখযোগ্য বিষয় হলো, ফলাফল ঘোষণার পর বাকি দুই প্রার্থী–ইমরান এম. শাহ ও জামাল হুসেইন–তা উষ্ণ অভিনন্দনের মাধ্যমে মেনে নেন এবং জাকির চৌধুরীকে পূর্ণ সমর্থনের ঘোষণা দেন।

এই রাজনৈতিক সৌহার্দ্যপূর্ণ দৃশ্যটি উপস্থিত সকলের জন্য ছিল অনুপ্রেরণাদায়ক, যা প্রায়শই অভিবাসী কমিউনিটিতে দেখা যায় না। বিশ্লেষকরা বলছেন, এ ধরনের উদ্যোগ কমিউনিটির রাজনৈতিক ঐক্য ও শক্তিকে আরও সুসংহত করবে।

অনুষ্ঠানটি ছিল শুধুমাত্র একটি বিতর্ক বা ভোটাভুটি নয়–বরং ছিল একটি উৎসবমুখর মিলনমেলা। প্রার্থীদের আন্তরিক অংশগ্রহণ, মডারেটরের দক্ষ নেতৃত্ব এবং সমর্থকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি অনুষ্ঠানটিকে করে তোলে প্রাণবন্ত।

আয়োজকদের পক্ষ থেকে বলা হয়, এই বিতর্ক নিউ ইয়র্ক বোর্ড অব ইলেকশনের অন্তর্ভুক্ত কোন আয়োজন নয়। এটি ছিল সম্পূর্ণ কমিউনিটির নিজস্ব উদ্যোগে সংগঠিত। তবে গণতান্ত্রিক চর্চা ও রাজনৈতিক সচেতনতার দৃষ্টান্ত হিসেবে এটি অভিবাসী কমিউনিটির মধ্যে একটি বড় অগ্রগতি হিসেবে বিবেচিত হচ্ছে।

এই উদ্যোগের সফল বাস্তবায়নে কাজ করেছেন আব্দুল মুমিন, রিয়াজ উদ্দিন কামরান, আব্দুস শহীদ, মোহাম্মদ আব্দুল গফ্ফার চৌধুরী, আব্দুল হাশিম হাসনু, নুরুস সামাদ চৌধুরী, আহাদ আলী, কাওসারুজ্জামান কয়েস, আলমাস আলী, শেখ আল মামুন, চার্লি আকবর (আলী), সৈয়দ শারফিন মোর্শেদ, ইব্রাহীম বারভূঁইয়া, মোহাম্মদ এন মজুমদার, ফরিদা ইয়াসমিন, মাসুদ উর রহমান, বিলাল ইসলাম, আব্দুল চৌধুরী, ড. আব্দুস সবুর, মোহাম্মদ আলী, রওশন আরা নিপা, আহবাব চৌধুরী, জুনায়েদ চৌধুরী, মোহবুব আলম এবং মুজাম্মেল হোসেন মুরাদ।



এ ছাড়া বিতর্কে ফ্যাসিলিটেটর হিসেবে দায়িত্ব পালন করেন মাসুদ উর রহমান, মোহাম্মদ এন মজুমদার এবং আব্দুল চৌধুরী।

উল্লেখ্য, ৮৭তম ডিস্ট্রিক্টে বর্তমানে দায়িত্বে আছেন অ্যাসেম্বলিমেম্বার কারিনেস রেয়েস, যিনি ২০১৯ সাল থেকে এই পদে আছেন এবং ২০১৮ সালের নির্বাচনে ৯৪ শতাংশ ভোটে জয়ী হন। এবার তাঁর বিপক্ষে লড়াইয়ে নামছেন বাংলাদেশি-আমেরিকান কমিউনিটির সম্মিলিত সমর্থন পাওয়া প্রার্থী সিপিএ জাকির চৌধুরী।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্স পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতিত্বের এডিনিষ্টর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
৯টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
(Operate by JH office)

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Fosball St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত অনিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

এস্টোরিয়ায় মেরি জোবাইদার ফান্ড রেইজিং অনুষ্ঠিত

সকল কমিউনিটির যোগ্য প্রতিনিধি হিসেবে নির্বাচিত করার আহ্বান

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক স্টেটের অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট ৩৬-এর আসন্ন নির্বাচনে অ্যাসেম্বলী সদস্য পদপ্রার্থী মেরি জোবাইদার ফান্ড রেইজিংয়ে বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য কমিউনিটির যোগ্য প্রতিনিধি হিসেবে তাকে নির্বাচিত করার আহ্বান জানিয়েছেন। গত ২০ অক্টোবর সোমবার এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এস্টোরিয়ার হ্যালো বাংলাদেশ রেষ্টুরেন্টে আয়োজিত এই অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশী কমিউনিটির বিশিষ্ট ব্যক্তির উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্টজনদের মধ্যে মূলধারার রাজনীতিক মোর্শেদ আলম, বিশিষ্ট সমাজসেবী মোহাম্মদ চৌধুরী রানা, ফার্মাসিস্ট সাহাব আহমেদ, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম ও রানা ফেরদৌস চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী নজরুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আমিন মেহেদী প্রমুখ বক্তব্য রাখেন। সভা পরিচালনা করেন কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জাবেদ উদ্দিন।

অনুষ্ঠানে মেরি জোবাইদা বলেন, আমেরিকান রাজনীতিতে বাংলাদেশী কমিউনিটি এগিয়ে চলছে। আমাদের মোর্শেদ আলম ভাই যে যাত্রা শুরু করেছিলেন, সেই যাত্রা আটকে আছে। বাংলাদেশী কমিউনিটির কেউ এখনো নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী-সিনেটে যেতে পারিনি। বারবার উদ্যোগ আসলেও তা সফল হয়নি। এত কিছুর পরও আমি অত্যন্ত কৃতজ্ঞ একজন মানুষ হিসেবে এগিয়ে যাচ্ছি, আপনাদের সহযোগিতা পাচ্ছি। তিনি উপস্থিত









সকলের প্রতি কৃতজ্ঞতা জানান এবং সার্বিক সহযোগিতা অব্যাহত রাখার আহবান জানান।

অনুষ্ঠানে বক্তারা বলেন, নির্বাচনী ফান্ড রেইজিং এর অর্থ বা চেক কিভাবে দিতে হয় কমিউনিটির অনেকে-ই এ বিষয়ে অবগত নয়। বিষয়টি সবাইকে জানানো উচিৎ। তবে বিশিষ্টজনরা বিভিন্ন গ্রুপের ফান্ড রেইজিং এ অংশ নেওয়ার পরিকল্পনা কথা জানান। বক্তারা বলেন, মেরি জোবাইদার জন্য বিপুল পরিমাণে ফান্ড রাইজিং এর কোন বিকল্পে নেই। কেননা, এদেশের নির্বাচনী প্রচারের জন্য বিপুল অর্থের প্রয়োজন হয়।





মামদানীর সাথে একই মঞ্চে আলেকজান্দ্রিয়া-স্যান্ডার্স-হোকুল

শেষ পৃষ্ঠায় পর

নেতৃত্বে।

রোববারের সমাবেশে একসঙ্গে ছিলেন তিন প্রজন্মের বামপন্থী তারকা রাজনীতিক স্যান্ডার্স, ওকাসিও-কর্টেজ ও মামদানী। এক ইহুদি, এক খ্রিস্টান, এক মুসলমান কিন্তু তিনজনই নিউইয়র্কের, তিনজনই বাম রাজনীতির মুখ।

রোববার রাতে ফরেস্ট হিলস স্টেডিয়ামে প্রায় ১৩ হাজার মানুষের সামনে "নিউইয়র্ক ইজ নট ফর সেল" শিরোনামে আয়োজিত বিশাল সমাবেশে ওকাসিও-কর্টেজের পর মঞ্চে উঠলেন মেয়র প্রার্থী জোহরান মামদানী। তাঁকে পরিচয় করিয়ে দিয়েছিলেন সেনেটর বার্নি স্যান্ডার্স।

"এই সময়টাতে আমাদের মনে রাখতে হবে আমরাই পাগল নই, নিউইয়র্ক সিটি," বললেন কংগ্রেসওম্যান আলেক্সান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ। "তারা চায় আমরা নিজেদের পাগল ভাবি। কিন্তু আমরা স্বাভাবিক, কারণ আমরা শুধু চাই বাসযোগ্য ভাড়া, ন্যায্য মজুরি, স্বাস্থ্যসেবার অধিকার– আমরা চাই জনগণের টাকায় মানুষের যত্ন হোক, বোমা বর্ষণে নয়।"

"আমি আজ এই মঞ্চে দাঁড়াতে পেরেছি শুধু সেই কারণেই যে, একসময় একজন মানুষ একা দাঁড়িয়ে সত্য বলার সাহস করেছিলেন," বললেন মামদানী। "আমি আজ গণতান্ত্রিক সমাজতন্ত্রের ভাষায় কথা বলি, কারণ প্রথম সেই ভাষা তিনি বলেছিলেন।"

ছয় দশক আগে যেখানে দ্য বিটলস গান গেয়েছিলেন, সেই স্টেডিয়ামে এবার উঠল 'জোহরানম্যানিয়া'। শুধু স্যান্ডার্স আর ওকাসিও-কর্টেজই নন, মঞ্চে উপস্থিত ছিলেন গভর্নর ক্যাথি হোকুলও যিনি একসময় ব্যবসাবান্ধব, মধ্যপন্থী ডেমোক্র্যাট হিসেবে পরিচিত ছিলেন। সেপ্টেম্বরে দ্য নিউইয়র্ক টাইমস-এ লেখা এক নিবন্ধে মামদানীকে সমর্থন জানানোর পর এটাই ছিল তাঁর প্রথম প্রচারসভায় অংশগ্রহণ।

এই সমাবেশ ছিল এক অর্থে ডেমোক্র্যাটিক পার্টির ভেতর নতুন এক বাস্তবতার প্রকাশ যেখানে একসময়ের প্রান্তিক ধারা এখন মূলধারায় জায়গা করে নিয়েছে। হোকুলের সঙ্গে মঞ্চে ছিলেন রাজ্য সেনেট নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিনস এবং অ্যাসেম্বলির স্পিকার কার্ল হেস্টি যাঁরা রাজ্যের ২৫০ বিলিয়ন ডলারের বাজেট নিয়ে আলোচনার মূল ব্যক্তিত্ব। তিনজনই মামদানীর মূল প্রতিশ্রুতি– সবার জন্য বিনা খরচে শিশুসেবা সমর্থন করেন।

২০১৬ বা ২০২০ সালে বার্নি স্যান্ডার্সের প্রেসিডেন্ট প্রচারে হোকুলকে দেখা যেত না, কিন্তু এবার তিনি মঞ্চে দাঁড়িয়ে বললেন, "জোহরান মামদানীকে ভোট দিন আর নিউইয়র্ককে আগের ব্যর্থ রাজনীতির হাত থেকে মুক্ত করুন।"

হোকুলের বক্তৃতার সময়ই কয়েক দফা ভেসে আসে শ্লোগান "ট্যাক্স দ্য রিচ!" মামদানীর নির্বাচনী অঙ্গীকারের অন্যতম মূল প্রস্তাব হলো, বছরে ১০ লাখ ডলারের বেশি আয়কারীদের ওপর বাড়তি কর আরোপ করে শিক্ষা, শিশুসেবা ও আবাসন প্রকল্পে অর্থ জোগানো। যদিও হোকুল নিজে এই প্রস্তাবে এখনো রাজি নন। হাসতে হাসতে তিনি বললেন, "আমি তোমাদের শুনছি এই আবেগ, এই শক্তি, দারুণ।"

মঞ্চে উঠে মামদানীও সেই স্লোগানে হেসে জবাব দিলেন, "অবশ্যই হেল ইয়াহ!"

